

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
বিদ্যুৎ বিভাগ  
সমন্বয়-২ শাখা

নং ২৭.০০.০০০০.০৫২.৩১.০১৬.১৪.৮০

তারিখ : ২৯ মাঘ ১৪২১ বঙ্গাব্দ  
১১ ফেব্রুয়ারি, ২০১৫ খ্রিস্টাব্দ

**পরিপত্র**

বিষয়: জাতীয় গ্রিডের সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকল্পে বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণ সংস্থা ও কোম্পানিসমূহের জন্য প্রতিপালনীয় স্থায়ী নির্দেশাবলী।

বাংলাদেশের সমগ্র অঞ্চলে বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন, বিতরণ ব্যবস্থা নির্বিঘ্ন ও নিরাপদ রাখা এবং সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন, বিতরণ সংস্থা ও কোম্পানিসমূহের কার্যক্রম সমন্বয় করা একান্ত প্রয়োজন। এ ব্যাপারে কতিপয় অবশ্য পালনীয় স্থায়ী নির্দেশাবলী (Standing Orders) নিম্নরূপ:-

**২. বিদ্যুৎ উৎপাদনকারী সংস্থা ও কোম্পানিসমূহের অনুসরণীয় কার্যক্রম:**

**২.১ স্বল্পমেয়াদী কার্যক্রম**

- (ক) বিদ্যুৎ কেন্দ্রগুলির পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কার্যক্রমসহ সম্ভাব্য কারিগরী ত্রুটি সনাক্তকরণ এবং তা' সমাধানের জন্য ট্রাবলশুটিং টিম গঠন করতে হবে।
- (খ) ১৩২ কেভি ফিডার ও ৩৩ কেভি ফিডারের লোড শেডিং স্কিমের সঙ্গে সমন্বয় করে বিদ্যুৎ কেন্দ্রসমূহের আন্ডার ফ্রিকোয়েন্সি ও ওভার ফ্রিকোয়েন্সি রিলে গ্রেডিং করে সিস্টেমকে স্ট্যাবল রাখতে হবে;
- (গ) গ্রিড বিপর্যয়ের সময়ে গ্যাস টারবাইন বিদ্যুৎ কেন্দ্র সমূহ ফ্লোটিং মোডে চালু রাখা সহ ব্ল্যাক স্টার্ট ব্যবস্থা সার্বক্ষণিকভাবে কার্যক্ষম ও প্রস্তুত রাখতে হবে;
- (ঘ) ক্ষুদ্র, মাঝারি ও বৃহৎ বিদ্যুৎ কেন্দ্রসমূহের রিলে সেটিং গ্রিডের সঙ্গে সমন্বয় করতঃ সেট করে অনাবশ্যক ড্রিপিং রোধ এবং উক্ত বিদ্যুৎ কেন্দ্রসমূহ হতে আনুপাতিক ভার সরবরাহ নিশ্চিত করতে হবে;
- (ঙ) বিদ্যুৎ কেন্দ্রসমূহের জরুরী ডিজেল জেনারেটরসমূহ কর্মক্ষম রাখতে হবে;
- (চ) বিদ্যুৎ কেন্দ্রসমূহে এলার্ম মনিটরিং সিস্টেম সচল রাখতে হবে; এবং
- (ছ) বিদ্যুৎ কেন্দ্রসমূহকে চারটি ভাগে ভাগ করে (৬ ঘন্টা করে) সময় ভিত্তিক ফ্রিকোয়েন্সি কন্ট্রোলের দায়িত্ব প্রদান করতে হবে।

**২.২ মধ্য ও দীর্ঘমেয়াদী কার্যক্রম**

- (ক) অঞ্চল ভিত্তিক স্পিনিং রিজার্ভ (বিদ্যুৎ উৎপাদন ক্ষমতার ৫%) নিশ্চিত করতে হবে;
- (খ) প্রতিটি অঞ্চলে অন্তত একটি বিদ্যুৎ কেন্দ্রে সেলফ অস্কিলারি পাওয়ারে স্টার্টিং (Black Start)-এর ব্যবস্থা নিশ্চিত করতে হবে; এবং
- (গ) বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র, উপকেন্দ্র ও নিয়ন্ত্রণ কেন্দ্রসমূহের মধ্যে নিবিড় যোগাযোগ ব্যবস্থা ও অনলাইন যোগাযোগ ব্যবস্থা সার্বক্ষণিক ভাবে চালু রাখতে হবে।
- (ঘ) বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের সংরক্ষণ কার্যক্রম যথাসম্ভব ১ নভেম্বর হতে ১৫ ফেব্রুয়ারির মধ্যে সম্পন্ন করতে হবে।

### ৩. সঞ্চালন কোম্পানির অনুসরণীয় কার্যক্রম:

#### ৩.১ স্বল্পমেয়াদী কার্যক্রম

- (ক) ৩৩ কেভি ফিডারের পাশাপাশি ১৩২ কেভি রেডিয়াল ফিডারে আন্ডার ফ্রিকোয়েন্সি রিলে স্কিম বসাতে হবে;
- (খ) বিদ্যুৎ উৎপাদনের ঘাটতির সময় আন্ডার ফ্রিকোয়েন্সি রিলে দ্বারা ৩৩ কেভি ও ১৩২ কেভি রেডিয়াল ফিডারের লোড যৌক্তিকভাবে কমিয়ে সিস্টেমকে স্ট্যাবল রাখতে হবে;
- (গ) সিস্টেম ফ্রিকোয়েন্সি কমতে থাকলে ন্যাশনাল লোড ডেসপাচ সেন্টার (এনএলডিসি) কর্তৃক অতি দ্রুত সিদ্ধান্ত গ্রহণপূর্বক স্ক্যাডা অপারেশনের মাধ্যমে ও ম্যানুয়ালি তাৎক্ষণিকভাবে যথাযথ পরিমাণ লোড কর্তনপূর্বক ফ্রিকোয়েন্সি স্ট্যাবল করতে হবে;
- (ঘ) পাওয়ার প্ল্যান্টসমূহের প্রটেকশনের জন্য স্থাপিত রিলে সেটিং লোড রিজেকশনের জন্য ফিডারে স্থাপিত রিলে সেটিং এর সাথে সমন্বয় করে স্থাপন করতে হবে যাতে ফিডার ফল্টের কারণে বিদ্যুৎ-কেন্দ্র বন্ধ না হয়;
- (ঙ) জরুরী অবস্থা মোকাবেলার জন্য এনএলডিসিতে সার্বক্ষণিকভাবে একজন নির্বাহী প্রকৌশলীর পদমর্যাদার নিম্নে নহেন, এমন কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে;
- (চ) এনএলডিসির সুষ্ঠু রক্ষণাবেক্ষণের জন্য প্রকৌশলী, কর্মকর্তা ও কর্মচারীদের যথাযথ প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে;
- (ছ) গ্রিড বিপর্যয় রোধে গ্রিড উপকেন্দ্র, বিতরণ সংস্থা ও বিদ্যুৎ কেন্দ্রসমূহ কর্তৃক এনএলডিসি'র নির্দেশনা তাৎক্ষণিকভাবে বাস্তবায়ন এবং সকল সংস্থা কর্তৃক গ্রিড কোড যথাযথ ভাবে অনুসরণ করা নিশ্চিত করতে হবে;
- (জ) বিদ্যুৎ কেন্দ্র ও গ্রিড উপকেন্দ্রের ইকুইপমেন্টসমূহ নিয়মিত পরীক্ষা ও সংরক্ষণ করতে হবে;
- (ঝ) ভবিষ্যতে গ্রিড বিপর্যয় পরিহারের লক্ষ্যে এই বিষয়ে ইতিপূর্বে প্রণীত প্রতিবেদনের গুরুত্বপূর্ণ সুপারিশসমূহ বাস্তবায়ন করতে হবে;
- (ঞ) বিদ্যুৎ কেন্দ্র ও উপকেন্দ্রে স্থাপিত ডিএফডিআর সমূহের ঘড়ির সময় জিপিএস এর সহিত সিনক্রোনাইজ করে ব্যবহার করতে হবে;
- (ট) এইচভিডিসি-এর সেটিং গ্রিড উপকেন্দ্রের সেটিং এর সাথে সমন্বয় বিষয়ে একটি কারিগরি টিম গঠন করে স্টাডি করতে হবে;
- (ড) পাওয়ার সিস্টেমের পাওয়ার ফ্যাক্টর ইমপ্রুভ করার জন্য পিএফআই প্ল্যান্ট স্থাপন করতে হবে;
- (ঢ) এনএলডিসিতে ক্লোজড সার্কিট ক্যামেরা স্থাপন করতে হবে;
- (ণ) এইচভিডিসির ঘন ঘন ট্রিপিং এর কারণ অনুসন্ধান এবং ট্রিপিং রোধে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (ত) গ্রিড উপকেন্দ্র বিদ্যুৎ কেন্দ্রসমূহের এলার্ম মনিটরিং সিস্টেম সচল রাখতে হবে; এবং
- (থ) বিদ্যুৎ-কেন্দ্রসমূহকে চার ভাগে ভাগ করে সময় ভিত্তিক (৬ ঘণ্টা করে) ফ্রিকোয়েন্সি কন্ট্রোলার দায়িত্ব প্রদান করতে হবে।

#### ৩.২ মধ্য ও দীর্ঘমেয়াদী কার্যক্রম

- (ক) এনএলডিসি, পাওয়ার প্ল্যান্ট ও গ্রিড উপকেন্দ্রের মধ্যে আধুনিক প্রযুক্তি নির্ভর যোগাযোগ ব্যবস্থা তৈরি করতে হবে;
- (খ) এনএলডিসির সফটওয়্যার ও হার্ডওয়্যার নিয়মিত আপগ্রেড এবং স্ক্যাডা-এর সিস্টেম সিকিউরিটি মেইনটেইন করতে হবে;

- (গ) ফল্ট এনালাইসিস, সিস্টেম অটোমেশন, লোড এন্টিমেশন সহ গ্রিড সিস্টেমের সামগ্রিক বিষয়ে বিশদ স্টাডি করে ভবিষ্যৎ করণীয় নির্ধারণ করতে হবে; এবং
- (ঘ) পাওয়ার সিস্টেম মাস্টার প্লান (পিএসএমপি)-এর সঙ্গে সমন্বয় করে সম্ভাবন ব্যবস্থা, জেনারেশন ব্যবস্থা সম্প্রসারণ, পরিচালন, সংরক্ষণ ও আধুনিকায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

## ৪. বিতরণ সংস্থা ও কোম্পানির অনুসরণীয় কার্যক্রম:


### ৪.১ স্বল্পমেয়াদী কার্যক্রম

- (ক) বিদ্যুৎ সরবরাহের সীমাবদ্ধতা থাকলে বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানিসমূহ তাদের জন্য নির্ধারিত বরাদ্দের অতিরিক্ত বিদ্যুৎ গ্রহণ (overdraw) হতে অবশ্যই বিরত থাকবে;
- (খ) এ ব্যাপারে গ্রিড কোড অনুসরণ এবং এনএলডিসি-এর নির্দেশনা কঠোরভাবে অনুসরণ করতে হবে;
- (গ) নির্ধারিত সময়ে (রাত ১১:০০ হতে সকাল ০৮:০০) সেচ পাম্প চালানো নিশ্চিত করতে হবে;
- (ঘ) সিস্টেমের জরুরী প্রয়োজনে সেচ মৌসুমে লোডশেড করতে হলে সেচ পাম্পবিহীন ফিডার অথবা অপেক্ষাকৃত কম সেচ পাম্পযুক্ত ফিডারে লোডশেড করতে হবে;
- (ঙ) বিতরণ সিস্টেমের সকল Capacitor Bank সচল রাখতে হবে যেন সিস্টেমের প্রয়োজনমত চালু বা বন্ধ করতে হবে;
- (চ) বিতরণ সিস্টেমের বার্ষিক রক্ষণাবেক্ষণ সেচ সময়ের আগে বা পরে করতে হবে;
- (ছ) সেচ পাম্পের সাথে Power Factor Improvement (PFI) সংযুক্ত করে বিদ্যুৎ সংযোগ দিতে হবে;
- (জ) বিতরণ লাইনে প্রাকৃতিক কারণে ত্রুটি দেখা দিলে দ্রুততার সহিত লাইন চালু করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে;
- (ঝ) বিতরণ লাইনের Right of Way (RoW) সর্বদা পরিষ্কার রাখতে হবে;
- (ঞ) আঞ্চলিক লোড ম্যানেজমেন্ট কমিটি কর্তৃক বরাদ্দকৃত লোডের মধ্যে বিতরণ নিশ্চিত করতে হবে;
- (ট) বিতরণ সংস্থা ও কোম্পানিসমূহকে আবহাওয়ার বিষয় বিবেচনায় রেখে তাদের জোনওয়ারী চাহিদা একদিন পূর্বে প্রকাশপূর্বক এনএলডিসিকে অবহিত করতে হবে;
- (ঠ) প্রয়োজ্য ক্ষেত্রে বিতরণ সংস্থাসমূহকে তাদের Back-up সিস্টেম ত্রুটিমুক্ত ও standby রাখতে হবে যাতে ন্যূনতম interruption হয়;
- (ড) Wet and Dry পদ্ধতিতে সেচ কার্য পরিচালনার ব্যবস্থা নিশ্চিত করতে হবে; এবং
- (ণ) ৩৩/১১ কেভি ফিডারে স্থাপিত রিলে সেটিং এমন ভাবে সমন্বয় করতে হবে, যাতে ফিডারের ত্রুটির কারণে ৩৩ কেভি ইনকামার ট্রান্সফরমারের বিদ্যুৎ ব্যহত না হয়।

### ৪.২ দীর্ঘমেয়াদী কার্যক্রম

- (ক) সাব-স্টেশনসমূহে প্রয়োজনীয় খুচরা যন্ত্রপাতি মজুদ রাখতে হবে, এবং
- (খ) উপকেন্দ্রের ইকুইপমেন্টসমূহ নিয়মিত পরীক্ষা ও সংরক্ষণের ব্যবস্থা করতে হবে।

৫. উপর্যুক্ত স্থায়ী নির্দেশাবলী (Standing Orders) যথাযথভাবে অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে।

  
 (মোঃ মাহবুব-উল-আলম, এনডিসি)  
 যুগ্মসচিব